

শেখ হাসিনার  
উদ্যোগ  
ঘরে ঘরে বিদ্যুৎ



ইউটিসি বিল্ডিং  
(লেভেল ৩ ও ৪), ৮  
পান্থপথ,  
কাওরানবাজার,  
ঢাকা-১২১৫, ফোনঃ  
+০২-৪৮১২২১১৭

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড  
ISO 9001:2015, ISO 14001:2015 &  
ISO 45001:2018 Certified  
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)  
মানবসম্পদ ও প্রশাসন বিভাগ

...

সভাপতি মোঃ আব্দুস সামাদ  
নির্বাহী পরিচালক (প্রকৌশল)  
সভার তারিখ ০৬.০৯.২২  
সভার সময় ১১.০০ ঘটিকা  
স্থান সভাকক্ষ  
উপস্থিতি ...

শুদ্ধাচার/ সুশাসনের বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিসে গত ০৬/০৯/২২ তারিখে কোম্পানির অংশীজনের অংশগ্রহণে শুদ্ধাচার/ সুশাসনের বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিস, বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প দপ্তরসমূহ থেকে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও, সভায় কোম্পানির অংশীজন (stakeholder) হিসেবে বহিঃসংস্থা হতে নিম্নোক্ত ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেনঃ

১	আব্দুল্লাহ আল মাসুদ, পরিচালক, পিএসএলএস
২	জনাব মোঃ তারিকুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ
৩	জনাব কাজি নওশাদ আজম, নির্বাহী প্রকৌশলী (এনার্জি অডিট), বাবিউবো
৪	জনাব মোতালেব হোসাইন, ব্যবস্থাপক (এসওডি), সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ
৫	জনাব অরিন্দম দেব, সহকারী প্রকৌশলী, পিজিসিবি
৬	জনাব মোঃ ফরহাদ রানা, উপ-সহকারী প্রকৌশলী, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ
৭	জনাব হায়দার আলী, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ১ নং উদয়পুর ইউনিয়ন পরিষদ, মোল্লারহাট উপজেলা, বাগেরহাট
৮	জনাব রহিমা আক্তার হেনা, ওয়ার্ড কাউন্সিলর, খালিশপুর, খুলনা
৯	জনাব মোঃ মুকিদুল ইসলাম, স্বত্বাধিকারী, এবিএম কন্সট্রাকশন এন্ড ইঞ্জিনিয়ারিং, বাগেরহাট
১০	জনাব মোঃ সাখাওয়াত হোসাইন, সিনিয়র ইঞ্জিনিয়ার, এবিএস কন্সট্রাকশন কোঃ
১১	জনাব সাহাবুদ্দিন আহমেদ, সিনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল), এবিএস কন্সট্রাকশন কোঃ
১২	জনাব মোঃ আব্দুল হান্নান, ঠিকাদার, ভেড়ামারা
১৩	জনাব মোঃ মশিউর রহমান ভূঁইয়া, এইচএসএসই অফিসার, এসএনডব্লিউপিএল
১৪	Mr Liu, Deputy Site Manager (Madhumati Power Plant), CMC
১৫	Mr Chen Guangkun, CMC

আলোচনার শুরুতে, সভাপতি কোম্পানির অংশীজন হিসেবে সভায় বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস

কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর পাশাপাশি বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও উন্নয়ন অংশীদারের প্রতিনিধিগণ উপস্থিত থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

অতঃপর, অত্র কোম্পানিতে বিদ্যমান শুদ্ধাচার কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রমের বিষয়ে বিশদ আলোচনা হয়। কোম্পানির শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক মর্মে তিনি উল্লেখ করেন। তবে, তিনি শুদ্ধাচার ও দুর্নীতিবিরোধী সচেতনতা বৃদ্ধির জন্য অধিকতর প্রশিক্ষণ আয়োজন করার পরামর্শ প্রদান করেন।

খুলনা বিদ্যুৎ কেন্দ্র থেকে উল্লেখ করা হয়, উক্ত বিদ্যুৎ কেন্দ্রের অংশীজন হিসেবে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রতিনিধিও সভায় উপস্থিত আছেন। ভবিষ্যতে অংশীজনের তালিকায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নাম উল্লেখ রাখা যেতে পারে। সভাপতি পরবর্তী অংশীজন সভাসমূহে অংশীজনের তালিকায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নাম উল্লেখ রাখার নির্দেশনা প্রদান করেন।

এপর্যায়, আব্দুল্লাহ আল মাসুদ, পরিচালক, পিএসএলএস বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদনে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য নওপাজেকো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	বাস্তবায়ন লক্ষ্যমাত্রা
১	অংশীজন হিসেবে সভায় বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর পাশাপাশি ঠিকাদার, বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও প্রশাসন এবং উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের আমন্ত্রণের ধারাবাহিকতা অব্যাহত রাখা।	মানবসম্পদ বিভাগ/ সকল বিদ্যুৎ কেন্দ্র	যথাসময়
২	কর্পোরেট অফিস ও বিদ্যুৎ কেন্দ্রসমূহে অগ্নি মহড়া আয়োজন অব্যাহত রাখা।	মানবসম্পদ বিভাগ/ সকল বিদ্যুৎ কেন্দ্র	যথাসময়
৩	কোম্পানির অংশীজনের তালিকায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নাম উল্লেখ রাখা।	মানবসম্পদ বিভাগ	যথাসময়
৪	শুদ্ধাচার ও দুর্নীতিবিরোধী সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন করা।	মানবসম্পদ বিভাগ	যথাসময়



মোঃ আব্দুস সামাদ  
নির্বাহী পরিচালক (প্রকৌশল)

স্মারক নম্বর: ২৭.২৮.০০০০.৫০১.০৬.০০১.২০.১১১৬.১

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯

০৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর প্রধান (সকল), কর্পোরেট অফিস, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।
- ২) প্ল্যান্ট ম্যানেজার (সকল), নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।
- ৩) প্রকল্প পরিচালক (সকল), নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।



তাসদিদুল আনোয়ার  
সহকারী ব্যবস্থাপক (পিএমএস)